

আল্লাহর বান্দা ও রাসূল হিসেবে বিশ্বাস করা এবং তাঁর প্রতি অবতীর্ণ কুরআনকে বিশ্বাস করা এবং এর ভিত্তিতে জীবন রাঙিয়ে আখেরাতে কর্মফলের জন্য নিজেকে প্রস্তুত করা। তাওহিদ, রিসালাত ও আখিরাতের প্রতি বিশ্বাস এককেন্দ্রিক। অর্থাৎ এ বিষয়গুলোকে পরস্পর থেকে বিচ্ছিন্ন করা যায় না। এগুলোর ভিত্তিতে গঠিত জীবনই সমৃদ্ধ ও আলোকিত জীবন। আর আলোকিত জীবনের প্রয়োজনীয় উপকরণ হচ্ছে—

কুরআনের ছায়াতলে জীবন গড়া,

রাসূল সা.-এর আদর্শকে শ্রেষ্ঠতম আদর্শ হিসেবে গণ্য করা।

### আলোকিত জীবনের পাথেয় কুরআন

কুরআন মানবসমাজকে অজ্ঞতার অন্ধতা থেকে বের করে জ্ঞানের আলোকে উদ্ভাসিত করে। এ প্রসঙ্গে কুরআনের বক্তব্য—

‘এই কিতাব আমরা তোমার প্রতি অবতীর্ণ করেছি, যেন তুমি মানবসমাজকে বের করে আনো অন্ধকার রাশি থেকে আলোতে, তাদের প্রভুর অনুমতিক্রমে মহাক্রমশালী সপ্রশংসিত আল্লাহর পথে।’<sup>৭</sup>

মহানবি সা. বলেন—

‘যে ঘরে কুরআন চর্চা হয় না, সেটি পোড়াবাড়ির মতো।’<sup>৮</sup>

পোড়াবাড়িতে যেমন লোক সমাগম হয় না, ধুলো ময়লার পাহাড় জমে, সাপ-বিচ্ছুর আবাসে পরিণত হয়, ঠিক তেমনি কুরআনহীন গৃহ নিষ্প্রাণ দেহের মতো, ছন্নছাড়া জীবনের মতো। কুরআনের সাথে বেড়ে উঠতে হলে সাধ্যমতো মুখস্থ করা এবং অর্থ বোঝার জন্য সাধনার প্রয়োজন।

<sup>৭</sup>. সূরা ইব্রাহিম, আয়াত-১।

<sup>৮</sup>. তিরমিজি-২৯১৩।


পিরামিডাকৃতির সংগঠনের বৈশিষ্ট্য হলো উঁচু থেকে নিম্নগামী ধারায় ব্যবস্থাপনার মাঝারি ও নিম্ন স্তরের কর্মী সংখ্যায় ক্রমান্বয়ে বাড়তে থাকে। সর্বনিম্ন স্তরের কর্মীরা মাঝারি বা উর্ধ্বতন ব্যবস্থাপনার অধীনে কার্যনির্বাহ করে।

একটি সমাজকে ত্রিভুজাকৃতির পিরামিডের সাথে তুলনা করা যায়। সমাজে সবাই নেতৃস্থানীয় হয় না; বরং অনুসারীর সংখ্যাই হয় সবচেয়ে বেশি। সমাজে ভালো লোকের সংখ্যা বেশি হলে সমাজ ভারসাম্যপূর্ণ হয়। ভালো মানুষী নির্ভর করে নৈতিক দক্ষতার ওপর। আবার সফল মানুষ হয়ে বেড়ে উঠা নির্ভর করে ওপরে উল্লিখিত বিভিন্ন দক্ষতার সমন্বিত ফলাফলের উপর। এ কারণে আলোচ্য পিরামিডে ১নং-এ ভিত্তি হিসেবে দেখানো হয়েছে নৈতিক দক্ষতা। নৈতিক দক্ষতা একটি প্রধান (Core) বা আবশ্যকীয় দক্ষতা (Skill), যা সমাজের বেশিরভাগ মানুষের থাকা আবশ্যিক। অন্যান্য যোগ্যতা বা দক্ষতা হচ্ছে সহায়ক (Supplementary) বা পরিপূরক দক্ষতা যা ব্যক্তির মেধা, সামাজিক অবস্থান, সুযোগ, আগ্রহ, সাধনা, প্রচেষ্টার গভীরতা অনুযায়ী কমবেশি হতে পারে। সহায়ক দক্ষতাগুলো গুরুত্বপূর্ণ হলেও পূর্ণমাত্রায় সবার পক্ষে অর্জন সম্ভব নাও হতে পারে। তবে যারা সবগুলো দক্ষতায় উৎকর্ষমণ্ডিত নিঃসন্দেহে তারাই সমাজে সফল।

### নৈতিক দক্ষতা (Moral skill)

নৈতিক দক্ষতা হচ্ছে একটি মৌলিক দক্ষতা, যা অর্জনে ব্যর্থ হলে পরিপূর্ণ মানুষ হওয়া যায় না। নৈতিকতা ছাড়া দক্ষতা ভয়ংকর, আবার দক্ষতা ছাড়া নৈতিকতা অর্থহীন। নৈতিক দক্ষতা বলতে বোঝায় একজন শিশু তার বোধ-বিশ্বাসে এমনভাবে বেড়ে উঠবে, যেন তার মধ্যে মৌলিক মানবিক গুণাবলির সমন্বয় ঘটে এবং তাকে বিনয়ী, কর্মমুখর ও জবাবদিহিতার অনুগতসম্পন্ন মানুষে পরিণত করে। একজন মুসলিম শিশুর নৈতিক দক্ষতাসমৃদ্ধ জীবনের ভিত্তি হলো তাওহিদ, রিসালাত ও আখিরাতে বিশ্বাস। এই উপাদানত্রয়ের মধ্যে আন্তঃসম্পর্ক ত্রিভুজের মতো। তাওহিদের মূল বক্তব্য— একত্ববাদ বা আল্লাহর সার্বভৌমত্বের স্বীকৃতি। রিসালাত হচ্ছে সকল নবি-রাসূলদের তাঁদের আনীত বিধানসহ স্বীকৃতি এবং বিশেষ করে সর্বশেষ রাসূল সা.-কে

১. নৈতিক দক্ষতা (Moral Skill)
২. শিক্ষাগত উৎকর্ষতা (Academic Excellence)
৩. ভাষাগত দক্ষতা (Communicative Skill)
৪. বিশ্লেষণ দক্ষতা (Analytical Skill)
৫. সামাজিক দক্ষতা (Social Skill or Life Skill)



চিত্র : দক্ষতা পিরামিড, সূত্র : লেখক

ওপরের পিরামিড মূলত একটি ত্রিভুজ। ত্রিভুজের ভিত্তি অপেক্ষাকৃত প্রশস্ত এবং বিপরীত বাহুদ্বয় ক্রমান্বয়ে সরু হয়ে একে অপরের সাথে মিলিত হয়ে ত্রিভুজটিকে পূর্ণাঙ্গতা দিয়েছে। সাধারণত কর্পোরেট ব্যবস্থাপনায় সংগঠন বা প্রতিষ্ঠানের কাঠামো ব্যাখ্যা করতে ত্রিভুজের সাহায্য নেওয়া হয়। প্রতিষ্ঠানের উঁচু স্তরে থাকে উর্ধ্বতন নির্বাহীবৃন্দ, যারা সংখ্যার ভিত্তিতে নিচের দিকে থাকা কর্মীর তুলনায় অনেক কম।

## শিশুর বিকাশে দক্ষতা পিরামিড

‘হে বিশ্বাসীগণ, তোমাদের ধনসম্পদ আর সন্তান-সন্ততি যেন  
তোমাদের আল্লাহর স্মরণ থেকে গাফেল করে না দেয়...’

সূরা মুনাফিকুন, ৯

শিশুর পরিপূর্ণ বিকাশের জন্য প্রয়োজন বাস্তবসম্মত ও সমন্বিত উদ্যোগ।  
এর জন্য চাই পরিকল্পনা ও প্রস্তুতি। পুরো বিষয়টি বোঝার জন্য এই পর্বে  
আমরা ‘দক্ষতা পিরামিড’ নিয়ে আলোচনা করব। দক্ষতা বলতে বোঝায়  
কোনো বিষয়ে বিশেষ পারঙ্গমতা, যা অন্যদের চেয়ে সংশ্লিষ্ট ব্যক্তিকে  
‘বিশেষত্ব’ এনে দেয়। ফলে দক্ষ লোককে আলাদা করে চেনা যায়। দক্ষতা  
পিরামিড হলো ক্রমানুসারে সাজানো বিভিন্ন দক্ষতার সমাবেশ, যার গুরুত্রে  
নৈতিক দক্ষতা এবং সর্বশেষ উচ্চ স্তরে দেখানো হয়েছে সামাজিক দক্ষতা।  
সামাজিক দক্ষতাকে আমরা ‘লাইফ স্কিল’ বলতে পারি।

পিরামিডে উল্লেখিত দক্ষতার দফাসমূহ একজন শিক্ষার্থী শিক্ষাজীবনে ধাপে  
ধাপে অর্জন করলে তা ক্রমান্বয়ে তাকে পরিপূর্ণ মানুষ হতে সাহায্য করবে।  
একজন শিশুর সামগ্রিক বিকাশের জন্য পাঁচ ধরনের দক্ষতা থাকা দরকার :

## সূচিপত্র

প্যারেন্টিং ভাবনা	১১
প্যারেন্টিং : বাস্তবতা	১৬
শিশুর বিকাশে দক্ষতা পিরামিড	২০
দক্ষতার নানা দিক : শিক্ষা, ভাষা, বিশ্লেষণ	৩৯
সামাজিক দক্ষতা	৫৯
সন্তান পালনে পারিবারিক প্রস্তুতি	৬৮
প্যারেন্টিং আচরণ	৮০
সন্তানদের বেড়ে উঠায় পারিবারিক বন্ধন	৮৬
সন্তান প্রতিপালনে পারিপার্শ্বিকতার প্রভাব	১০৪
সন্তান পালন সাধনার বিষয়	১১৯
প্যারেন্টিং : নিজের আয়নায় আমি	১২৪
ঋণ স্বীকার	১২৭



## প্রকাশকের কথা

মাতা-পিতার সবচেয়ে বড়ো প্রজেক্ট সন্তান। সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে সন্তানের কুসুমাস্তীর্ণ পথ নির্মাণে মা-বাবা ক্লান্তিহীন। বিশ্বায়নের এই সময়টা বেশ বড়ো ধরনের অস্থিরতা ও পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। একুশ শতকের এই সময়ে এসে সন্তান প্রতিপালনের ধারণা অনেক বেশি প্রাসঙ্গিক হয়ে উঠছে। ক্রমবর্ধমান প্রযুক্তি আর সামষ্টিক নৈতিকতার অভাববোধের মধ্য দিয়েই সন্তানকে সত্যিকারের মানুষ হিসেবে নির্মাণের চ্যালেঞ্জ নিতে হচ্ছে।

পশ্চিমা বিশ্বে প্যারেন্টিং ভাবনা তুমুল আলোচিত ও গুরুত্বপূর্ণ একটা বিষয়। দুর্ভাগ্যজনকভাবে বাংলাদেশের সামাজিক ব্যবস্থাপনায় প্যারেন্টিং নিয়ে মোটাদাগে কিছু ধারণার উন্মেষ হলেও সেই অর্থে বিস্তারিত বোঝাপড়া নেই। অথচ এই গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে আমাদের উদ্বেগ, উৎকণ্ঠা ক্রমাগত বেড়েই চলছে। বস্তুবাদী চিন্তা-চেতনার প্রবল স্রোতের মধ্যেও আমাদের সমাজব্যবস্থায় এখনও নৈতিকতা ও আদর্শের চর্চাকারী ব্যক্তি-পরিবার নেহায়েত কম নয়। অনেক খারাপ সংবাদে মাঝেও স্বস্তির কথা এটাই যে, এখনও মুসলিম সমাজ কাঠামোতে পরিবার নামে একটা প্রাণোচ্ছল ব্যবস্থাপনা আছে; যা তথাকথিত আধুনিক সমাজে অনুপস্থিত। আমাদের গর্ব ও অর্জনের এই কাঠামোকে ধরে রাখার প্রচেষ্টা অব্যাহতাবে জারি রাখা জরুরি।

সেই প্রচেষ্টারই একটা ধাপ; আগামী প্রজন্মের হাতে আলোক মশাল ধরিয়ে দেওয়া এবং অভিভাবকত্বের জায়গা থেকে সন্তানের প্রকৃত কল্যাণের পথরেখা ঐকে দেওয়া। পেশাদার ব্যাংকার জনাব আতিক নেসার তার জীবনের অভিজ্ঞতা থেকে এই অতি প্রয়োজনীয় ইস্যু নিয়ে কলম ধরেছেন, লিখেছেন গুড প্যারেন্টিং : সন্তান প্রতিপালনে সফল হওয়ার উপায়। বাংলা সাহিত্যে প্যারেন্টিং নিয়ে গার্ডিয়ান পাবলিকেশন-এর এই পরিবেশনা অভিভাবক মহলে সাড়া জাগাবে বলে বিশ্বাস করছি। লেখক গৎবাঁধা ধারাবাহিক আলোচনায় না গিয়ে একেবারে মৌলিক কথামালায় থাকার চেষ্টা করেছেন।

সম্মানিত লেখক, সম্পাদনা পরিষদ এবং বইটির নির্মাণ প্রক্রিয়ার সঙ্গে জড়িত প্রত্যেকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। এক আলোকিত প্রজন্মের প্রত্যাশায়...

নূর মোহাম্মাদ আবু তাহের

বাংলাবাজার, ঢাকা

১৫ ফেব্রুয়ারি, ২০১৯

# গুড প্যারেন্টিং

(সন্তান প্রতিপালনে সফল হওয়ার উপায়)

নেসার আতিক



গাডিহ্যান  
পাবলিকেশন